

BNGH DC- 2

বাংলা ভাষা ও উপভাষা

উপভাষা/হল একটি ভাষার অন্তর্গত এমন বিশেষ বিশেষ রূপ যা এক একটি বিশেষ অঞ্চলে প্রচলিত। যার সঙ্গে আদর্শ ভাষা বা সাহিত্যিক ভাষার পার্থক্য আছে।

উপভাষা আদর্শ ভাষা বা সাহিত্যিক ভাষার ধ্বনিগত, রূপগত ও বিশিষ্ট বাগধারাগত পার্থক্য আছে। এই পার্থক্য এমন সুস্পষ্ট যে ঐসব বিশেষ – বিশেষ অঞ্চলের রূপগুলিকে স্বতন্ত্র বলে ধরা যাবে, অথচ পার্থক্যটা যেন এতো বেশী না হয় যাতে আঞ্চলিক রূপগুলিই এক – একটি সম্পূর্ণ পৃথক ভাষা হয়ে ওঠে।

পৃথিবীর প্রাচীন ও আধুনিক প্রায় সব ভাষারই রয়েছে নানা আঞ্চলিক বৈচিত্র্য – আঞ্চলিক উপভাষা। বাংলা ভাষার ক্ষেত্রেও এর ব্যতিক্রম ঘটেনি। বাংলা ভাষারও প্রধান পাঁচটি উপভাষা রয়েছে। এই পাঁচটি উপভাষাকে নিয়ে নিম্নে আলোচনা করা হল :-

রাঢ়ী উপভাষা

অবস্থান :- পশ্চিম রাঢ়ী – বীরভূম, বর্ধমান, পূর্ব বাঁকুড়া। পূর্ব রাঢ়ী – কলকাতা, চব্বিশ পরগনা, নদিয়া হাওড়া, হুগলী, মুর্শিদাবাদ।

উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

- ক) ই, উ, ক্ষ এবং য-ফলা যুক্ত ব্যঞ্জননের পূর্ববর্তী 'অ' এর উচ্চারণ 'ও' হয়। যেমন – অতি > ওতি, সত্য > শোত্তো, মধু > মোধো।
- খ) স্বরসংগতির ফলে শব্দের মধ্যে পাশাপাশি অবস্থিত বিষম স্বরধ্বনি সম স্বরধ্বনিতে পরিবর্তিত হয়ে গেছে। যেমন – দেশি > দিশি।
- গ) সন্ধমধ্যস্থ নাসিক্য ব্যঞ্জন যেখানে লোপ পেয়েছে সেখানে পূর্ববর্তী স্বরের নাসিক্যভবন ঘটেছে। যেমন – বন্ধ > বাঁধ, চন্দ্র > চাঁদ।
- ঘ) 'ল' কোথাও কোথাও 'ন' রূপে উচ্চারিত হয়েছে। যেমন – লুচি > নুচি, লৌহ > নোয়া।
- ঙ) শব্দের আদিতে শ্বাসাঘাত থাকলে সন্দের অন্তে অবস্থিত মহাপ্রাণ স্বল্পপ্রাণ ধ্বনি রূপে উচ্চারিত হয়। যেমন – দুধ > দুদ, মাছ > মাচ।

উপভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

- ক) কর্তৃকারক ছাড়া অন্য কারকে বহুবচনে 'দের' বিভক্তি যোগ হয়। যেমন – আমাদের বই দাও (কর্মকারক)।
- খ) অধিকরণ কারক 'এ' এবং 'তে' বিভক্তির প্রয়োগ হয়। যেমন – ঘরেতে।
- গ) সদ্য অতীত কালে প্রথম পুরুষের অকর্মক ক্রিয়ার বিভক্তি হল 'ল'। যেমন – সে গেল।
- ঘ) মূল ধাতুর সঙ্গে 'আছ' ধাতু যোগ করে সেই আছ ধাতুর সঙ্গে কাল ও পুরুষের বিভক্তি যোগ করে ঘটমান

বর্তমান ও ঘটমান অতীতের রূপ গঠন করা হয় । যেমন – কর + ছি = করছি (আমি করছি , কর + ছিল = করছিল (সে করছিল) ।

বঙ্গালি উপভাষা

অবস্থান :- ঢাকা , মৈমনসিংহ , ফরিদপুর , বরিশাল , খুলনা , যশোহর , চট্টগ্রাম , নোয়াখালি ।

ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

- ক) শব্দমধ্যে অবস্থিত 'ই' বা 'উ' তার পূর্ববর্তী ব্যঞ্জনের পূর্বে সরে আসে । যেমন – আজি > আইজ (আ+জ+ই > আ+ই+জ) ।
- খ) সঘোষ মহাপ্রাণ বর্ণ সঘোষ অল্পপ্রাণ রূপে উচ্চারিত হয় । যেমন – ভাই > বাই , ঘর > গর ।
- গ) ঘৃষ্টধ্বনি উষ্মধ্বনি রূপে উচ্চারিত হয় । যেমন – খেয়েছে > খাইসে , জানতে > জান্তি ।
- ঘ) 'স' ও 'শ' স্থানে 'হ' উচ্চারিত হয় । যেমন – বসো > বহো , শাক > হাগ ।
- ঙ) সন্দের আদিতে ও মধ্যে 'হ' স্থানে 'অ' উচ্চারিত হয় । যেমন – হয় > অয় ।

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

- ক) অধিকরণে বিভক্তি হয় 'ত' । যেমন – বাড়িত থাকুম ।
- খ) কর্তৃকারক ছাড়া অন্য কারকের বহুবচনে বিভক্তি হল 'গো' । যেমন – আমাগো খাইতে দিবা না ?
- গ) কর্তৃকারকে 'এ' বিভক্তি যুক্ত হয় । যেমন – রামে খায় ।
- ঘ) অসমাপিকার সাহায্যে গঠিত যৌগিক ক্রিয়ার সম্পন্নকালের মূল ক্রিয়াটি আগে বসে , অসমাপিকা ক্রিয়াটি পরে বসে । যেমন – রাম গ্যাসে গিয়া = রাম চলে গেছে ।

বরেন্দ্রী উপভাষা

অবস্থান :- মালদহ , দক্ষিণ দিনাজপুর , রাজশাহী , পাবনা ।

ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

- ক) বরেন্দ্রীর স্বরধ্বনি অনেকটা রাঢ়ীরই মতো । অনুনাসিক স্বরধ্বনি রাঢ়ীর মতো বরেন্দ্রীতেও আছে ।
- খ) সঘোষ মহাপ্রাণ ধ্বনি শুধু শব্দের আদিতে বজায় আছে , শব্দের মধ্য ও অন্ত্য অবস্থানে প্রায়ই অল্পপ্রাণ হয়ে গেছে । যেমন – বাঘ > বাগ ।
- গ) বঙ্গালী উপভাষার প্রভাবে বরেন্দ্রীতে জ (j) প্রায়ই জ্ (z) রূপে উচ্চারিত হয় ।
- ঘ) শব্দের আদিতে যেখানে 'র' থাকার কথা নয় সেখানে 'র' এর আগম হয় । আবার , যেখানে 'র' থাকার কথা সেখানে 'র' লোপ পায় । যেমন – আমের রস > রামের অস ।
- ঙ) রাঢ়ীতে শব্দের আদিতে শ্বাসাঘাত পড়ে , কিন্তু বরেন্দ্রীতে শ্বাসাঘাত অতখানি সুনির্দিষ্ট স্থানে পড়ে না ।

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

ক) অধিকরণ কারকে কখনো কখনো 'ত' বিভক্তি হয় । যেমন – ঘরত (ঘরে) ।

খ) সামান্য অতীতকালে উত্তম পুরুষে 'লাম' বিভক্তি যোগ হয় । যেমন – খেলাম , গেলাম ।

নিদর্শন :-

মালদহ – ” য্যাক কোন মানুষের দুটা ব্যাটা আছিলো । তার ঘোর বিচে ছোটকা আপনার বাবাক কহলো , বাব ধন-করির যে হিস্যা হামি পামু , সে হামাক দে । তাৎ তাই তার ঘোরকে মালমাত্তা সব ব্যাটা দিলে । ”

ঝাড়খণ্ডী উপভাষা

অবস্থান :- মানভূম , সিংভূম , ধলভূম , দক্ষিণ-পশ্চিম বাঁকুড়া , দক্ষিণ-পশ্চিম মেদিনীপুর ।

ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

ক) অনুনাসিক স্বরধ্বনির বহুল ব্যবহার লক্ষ্য করা যায় । যেমন – চাঁ , আটাঁ , উঁট ।

খ) 'ও' কারের জায়গায় 'অ' কারের প্রবণতা । যেমন – লোক > লক , চোর > চর ।

গ) অল্পপ্রাণ ধ্বনিকে মহাপ্রাণ ধ্বনিতে উচ্চারণ করা হয় । যেমন – পতাকা > ফতকা , দূর > ধূর ।

ঘ) অপিনিহিতি ও বিপর্যাসের ফলে শব্দের মধ্যে আগত বা বিপর্যস্ত স্বরধ্বনির ক্ষীণ উচ্চারণ থেকে যায় , তার লোপ বা অভিশ্রুতিজনিত পরিবর্তন হয় না । যেমন – রাতি > রাইত > রা ই ত ।

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

ক) ক্রিয়াপদের স্বার্থিক 'ক' প্রত্যয়ের ব্যবহার হয় । যেমন – যাবেক , খাবেক ।

খ) নামধাতুর বহুল ব্যবহার দেখা যায় । যেমন – এবার শীতে ভারি জাড়াছিল ('জাড়' নামধাতু) ।

গ) অধিকরণ কারকে বিভক্তি হল 'কে' । যেমন – রাইতকে ।

ঘ) যৌগিক ক্রিয়াপদে 'আছ' ধাতুর জায়গায় 'বট' ধাতুর ব্যবহার । যেমন – করি বটে , জল বটে ।

নিদর্শন :-

মানভূম – ” এক লোকের দুটা বেটা ছিল । তাদের মধ্যে ছুটু বেটা তার বাপকে বল্লেক , ' বাপ হে আমাদের দৌলতের যা হিস্যা আমি পাব তা আমাকে দাও ।' এতে তার বাপ আপন দৌলৎ বাখরা করে তার হিস্যা তাকে দিলেক । ”

কামরূপী উপভাষা

অবস্থান :- জলপাইগুড়ি , রংপুর , কোচবিহার , কাছাড় , শ্রীহট্ট , ত্রিপুরা ।

ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

ক) সঘোষ মহাপ্রাণ ধ্বনি শুধু শব্দের আদিতে বজায় আছে , মধ্য ও অন্ত্য অবস্থানে প্রায়ই পরিবর্তিত হয়ে অল্পপ্রাণ হয়ে গেছে । যেমন – সমঝা > সমজা ।

খ) শ্বাসাঘাত শব্দের মধ্যে ও অন্তেও পড়ে ।

গ) কাপুরুপীতেও 'ড়' হয়েছে 'র' এবং 'ঢ়' হয়েছে 'রহ' । কিন্তু এই প্রবণতা সর্বত্র হয় না । কোথাও কোথাও 'ড়' অপরিবর্তিতই আছে । যেমন - বাড়িত (কোচবিহার) ।

ঘ) 'ও' কখনো কখনো 'উ' রূপে উচ্চারিত হয় । যেমন - তোমার > তুমার । তবে এই প্রবণতা সর্বত্র সুলভ নয় ।

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

ক) উওম পুরুষের একবচনের সর্বনাম হল 'মুই' , 'হাম' ।

খ) অধিকরণের বিভক্তি হল 'ত' । যেমন - পাছত (পশ্চাতে) ।

গ) সম্বন্ধ পদের বিভক্তি হল 'র' , 'ক' । যেমন - বাপোক (বাপের) , ছাগলের ।

ঘ) গৌণ কর্মে বিভক্তি হল 'ক' । যেমন - বাপক (বাপকে) , হামাক (আমাকে) ।

নিদর্শন :-

কোচবিহার - " এক জনা মানসির দুই বেটা আছিল । তার মধ্যে ছোট জন উয়ার বাপোক কইল , 'বা, সম্পত্তির যে হিস্যা মুই পাইম তাক মোক দেন ।' তাতে তাঁয় তার মালমত্তা দোনো ব্যাটাক বাটিয়া - চিবিয়া দিল ।